দৈনিক ইনকিলাব

২৩/৮/২০০০
তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ১৬ ...

রিয়াদের মৃত্যুতে ক্যাম্পাসে শোকের ছায়া

দাবী না মানলে প্রয়োজনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অচল করে দেয়া হবে

.....ছাত্রশিবির

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ কথিত ছিনতাইকারীদের ছুরিকাঘাতে দর্শন বিভাগের ছাত্র রিয়াদের মৃত্যুতে ক্যাম্পাসে শোকের ছায়া নেমে এসেছে। এ ঘটনায় একটি মামলা হয়েছে।

এদিকে ছাত্রশিবিরের লাগাতার ধর্মঘটের ২য় দিন গতকাল (রবিবার) শান্তিপূর্ণভাবে অতিক্রম হয়েছে। হিন্দুদের জন্মাষ্টমী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্লাস একদিনের জন্য বন্ধ থাকলেও লাগাতার ধর্মঘটের কারণে যানবাহনগুলো গ্যারেজ থেকে বের হতে পারেনি। শিবির সভাপতি আলাউদ্দীন শিকদার ইনকিলাবকে জানান, আজ (সোমবার) থেকে ধর্মঘট আরো কড়াকড়ি হবে। দাবী না মানলে প্রয়োজনে ভার্সিটি অচল করে দেয়া হবে। শিবির সভাপতি বলেন, যুক্তিসঙ্গত দাবী বাস্তবায়নের জন্য প্রশাসনকে প্রচুর সময় দেয়া হয়েছিল। কিন্তু প্রশাসন এ সময়ের সদ্ব্যবহার করেনি। ফলে ধর্মঘটের পক্ষে শিবিরকে ঠেলে দেয়া হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে ডিসি প্রফেসর ফজলী হোসেন গতকাল দুপুরেও তার উপদেষ্টামণ্ডলীর সাথে বৈঠকে মিলিত হন বলে জানা গেছে। কিন্তু সন্ধ্যা ৬টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন সিদ্ধান্ত জানানো হয়নি।

অন্যদিকে গত শনিবার শহরের ফয়সলেক এলাকায় কথিত ছিনতাইকারীদের ছুরিকাঘাতে দর্শন বিভাগের ছাত্র রিয়াদ উদ্দিনের মৃত্যুতে ছাত্র-শিক্ষক মহলে শোকের ছায়া নেমে এসেছে। রিয়াদের বাবা মুহাম্মদ শামসুদ্দিন বিশ্ববিদ্যালয়ে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ছিলেন। কয়েক বছর আগে আকস্মিকভাবে তিনি ইন্তেকাল করেন। তার গ্রামের বাড়ী নোয়াখালী। তবে চট্টগ্রাম শহরের রুবী গেইট এলাকায়ও তাদের একটি বাসা আছে। জানা গেছে, শিবিরের ধর্মঘটে ভার্সিটির অচলাবস্থার সুযোগে রিয়াদ তার ২ জন বন্ধুর সাথে ফয়সলেকে ভ্রমণে যায়। সেখানে কথিত ছিনতাইকারীদের ছুরিকাঘাতে তার মৃত্যু ঘটে। এ নিয়ে ক্যাম্পাসে ছাত্র-শিক্ষক মহলে নানারকম জল্পনা-কল্পনা চলছে। অনেকে এটাকে নিছক দুর্ঘটনা হিসেবে মানতে রাজি নন। তাদের মতে, এর পেছনে অন্য কোন রহস্য আছে কি-না তার তদন্ত হওয়া দরকার। নিহত রিয়াদ উদ্দিনের মামা ফখরুল ইসলাম বাদী হয়ে খুলশী থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন বলে জানা গেছে। গতকাল (রবিবার) সন্ধ্যা পর্যন্ত এ মামলায় কেউ গ্রেফতার হয়নি।